

ওপার এপার

মাঠের মধ্যে সবুজ ধানের চারা
বৃষ্টি পড়ার সময় থেকে চেনা
আটান্ধী ফুল শিরিশ ফুলের মৌ
চোখের সঙ্গে চোখের মুগিয়ানা।

আমের ভীড়ে আমার ভিতর চিঠি
রহস্যময় ইচ্ছা সেদিন বুক
প্রহর গেছে নিদ্রাহীনের কবি
দু-এক কলম তোমার জন্য লেখে।

স্বপ্ন দেখার ঝাঁসী দিন সেই
নিত্য নতুন যৌবনে রঙ খেলা
নদীর মত শব্দ তুলে গেছে
আকাশ জুড়ে বালিয়াড়ি -- বাউখেলা....

স্বরলিপি সব উলোট - পালোট এখন
হলুদ পাতায় সবুজ জীবন ঝরে
মোমবাতিটি কণ্ঠে জ্বলে রাখি
ও- পারের সুখ অসুখী এই পারের।

তারাপ্রসাদ সাঁতরা

